কেস স্টাডি

তিন প্রতিবেশী তাদের ফসল নিয়ে সমস্যাই পড়েছিল। তিনটি ক্ষেতেই ফসল ছিল এবং কীটপতঙ্গে ছেয়ে গিয়ে নিস্তেজ হয়ে পড়ছিল। প্রতিদিন তারা তাদের ফসল বাঁচানোর জন্য বিভিন্ন ভাবে চেষ্টা করত। প্রথম জন একটি কাকতাড়ুয়া ব্যবহার করল, দ্বিতীয় জন কীটনাশক দিল, এবং তৃতীয় জন তার ক্ষেতের চারদিকে একটি বেড়া লাগাল, কিন্তু কিছুতেই লাভ হল না। একদিন গ্রামের প্রধান এসে তিনজন কৃষককেই ডাকলেন। তিনি তাদের প্রত্যেককে একটি করে লাঠি দিলেন এবং লাঠিগুলি ভাঙতে বললেন। কৃষকরা সহজেই সেগুলি ভেঙে দিল। তখন তিনি তাদের তিনটি লাঠির একটি বান্ডিল দিলেন এবং এটিকে ভাঙতে বললেন। এই বার, কৃষকরা লাঠি ভাঙার জন্য খুব পরিশ্রম করল। গ্রামের প্রধান বললেন, 'একা একা কাজ করার চেয়ে আপনারা একসাথে বেশী শক্তিশালী'। কৃষকরা তাদের সম্পদ একত্রিত করল এবং তাদের ক্ষেতের কীটপতঙ্গ থেকে মুক্তি পেল।

১) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:

ক) কীটপতঙ্গ কিসের ক্ষতি করেছিল? চাষীদের/ কীটনাশকের/ কাকতাড়ুয়ার /ফসলের

খ) কাকতাড়ুয়া কোথায় ব্যবহার করা হয়ে থাকে? শপিংমলে /ফসল খেতে/ খেলার মাঠে/ঘরের

ভিতর

গ) মোট কতগুলি ফসলের ক্ষেত ছিল?

২টি/৩টি/৪টি/৫টি

ঘ) "ঐক্যে শক্তি আছে" কথাটি কে বোঝাতে চেয়েছিল?কৃষকরা/গ্রামের প্রধান/ প্রতিবেশী/ কোনোটিই নয়

ঙ) ফসল নিয়ে কারা সমস্যায় পড়েছিল? প্রতিবেশী /গ্রামের প্রধান/ কীটপতঙ্গ /কীটনাশক

চ) তৃতীয়জন কী করেছিল?-কীটনাশক দিয়েছিল/ কাকতাড়ুয়া ব্যবহার করেছিল/ বেড়া লাগিয়েছিল/লাঙ্গল চাষ করেছিল